

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩৩২৭

88/ তাফসীরুল কুরআন (ﷺ । যাত عن رسول الله کتاب تفسیر القرآن عن رسول الله পরিচ্ছেদঃ ৭১. সূরা আল-মুদ্দাস্সির

আরবী

حَدَّثَنَا الْبِنُ أَبِي عُمَرَ، حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ مُجَالِد، عَنِ الشَّعْبِيِّ، عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ، قَالَ قَالَ نَاسٌ مِنَ الْيَهُودِ لَأُنَاسٍ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم هَلْ يَعْلَمُ نَبِيُّكُمْ كَمْ عَدَدُ خَزَنَةِ جَهَنَّمَ قَالُوا لاَ نَدْرِي حَتَّى نَسْأَلَ نَبِيْنَا . فَجَاءَ رَجُلٌ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم فَقَالَ يَا مُحَمَّدُ غُلِبَ أَصْحَابُكَ الْيُومَ . قَالَ " وَبِمَ غُلِبُوا " . قَالَ سَأَلُهُمْ يَهُودُ هَلْ يُعْلَمُ نَبِيُّكُمْ كَمْ عَدَدُ خَزَنَةِ جَهَنَّمَ قَالَ " فَمَا قَالُوا " . قَالَ قَالُوا لاَ نَدْرِي حَتَّى نَسْأَلَ نَبِينَا لَكِنَّهُمْ قَدْ نَبِينَا . قَالَ " أَفَعُلُب قَوْمٌ سُئِلُوا عَمَّا لاَ يَعْلَمُونَ فَقَالُوا لاَ نَعْلَمُ حَتَّى نَسْأَلُ لَكِنَّهُمْ قَدْ سَأَلُوا نَبِينَهُمْ فَقَالُوا لاَ نَعْلَمُ مَنْ تُرْبَةِ الْجَنَّةِ وَهِي سَأَلُوا نَبِينَهُمْ فَقَالُوا أَرِنَا اللَّهَ جَهْرَةً عَلَى باَعْدَاءِ اللَّهِ إِنِي سَائِلُهُمْ عَنْ تُرْبَةِ الْجَنَّةِ وَهِي سَأَلُوا نَبِيَّهُمْ فَقَالُوا لاَ الْقَاسِمِ كَمْ عَدَدُ خَزَنَةِ جَهَنَّمَ قَالَ " هَكَذَا وَهَكَذَا " . فِي اللَّرْمَكُ " . فَلَمَّ جَاءُوا قَالُوا يَا أَبَا الْقَاسِمِ كَمْ عَدَدُ خَزَنَةِ جَهَنَّمَ قَالَ " هَكَذَا وَهَكَذَا " . فِي اللَّهُ مَنْ مُرَاةً عَلَى اللَّهُ عَلْ اللَّهُ عَلْمُ النَّبِيُّ صلى الله عليه وسلم " مَا تُرْبَةُ مَا النَّبِيُّ صلى الله عليه وسلم " مَا تُرْبَةُ مِنْ هَذَا الْوَجْهِ مِنْ عَرْيت إِنَّمَا نَعْرِفُهُ مِنْ هَذَا الْوَجْهِ مِنْ عَرِيت إِنَّمَا نَعْرِفُهُ مِنْ هَذَا الْوَجْهِ مِنْ عَرِيت مُجَالِد .

বাংলা

৩৩২৭। জাবির ইবনু আবদুল্লাহ (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেনঃ কিছু সংখ্যক ইয়াহুদী রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কয়েকজন সাহাবীর নিকটে প্রশ্ন করল, জাহান্নামের দারোগার সংখ্যা কত তা কি তোমাদের নবী জানেন? তারা বললেনঃ আমরা তা তার নিকটে জিজ্ঞেস না করে বলতে পারি না। এক ব্যক্তি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকটে এসে বললঃ হে মুহাম্মাদ। আজ আপনার সঙ্গীরা হেরে গেছে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ কেন তারা হেরে গেছে? সে বলল, ইয়াহুদীরা তাদের নিকটে প্রশ্ন করেছিল, তোমাদের রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কি জানেন জাহান্নামের দারোগার সংখ্যা কত?



রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তারা কি জবাব দিয়েছে? সে বললঃ তারা বলেছে, আমরা আমাদের নবীকে জিজ্ঞেস না করে বলতে পারি না। রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ সেই জাতি কি হেরে যায়, যাদের কাছে এমন ব্যাপারে প্রশ্ন করা হয় যা তারা জানে না, তারপর তারা বলে, এ ব্যাপারে আমাদের নবীর নিকটে জিজ্ঞেস না করে আমরা বলতে পারি না? বরং ইয়াহুদীরা তো তাদের নবীর কাছে অযাচিত আবদার ধরেছিল, "আমাদেরকে প্রকাশ্যে আল্লাহ্ তা'আলাকে দেখান"। আল্লাহ্ তা'আলার শক্রদেরকে আমার নিকট নিয়ে এসা। আমি আল্লাহর এই শক্রদেরকে জান্নাতের মাটি প্রসঙ্গে প্রশ্ন করব। আর তা হল ময়দা।

তারপর ইয়াহুদীরা এসে বলল, হে আবূল কাসিম! জাহান্নামের দারোগার সংখ্যা কত? তিনি বললেনঃ এত এতজন (এক হাতের আঙ্গুলের ইশারায়) দশজন এবং (অপর হাতের ইশারায়) নয়জন। তারা বলল, হ্যাঁ আপনি ঠিকই বলেছেন। এবার রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে প্রশ্ন করলেনঃ জান্নাতের মাটি কিসের? রাবী বলেন, তারা কিছু সময় চুপ থাকার পর বলল, হে আবূল কাসিম! তা হল রুটি। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ ময়দার রুটি।

যঈফ, যঈফা (৩৩৪৮), মুসলিম (৮/১৯১)। আবূ সাঈদ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম ইবনু সাঈদকে বললেনঃ জান্নাতের মাটি কেমন? তিনি বললেনঃ সাদা ময়দা মিসকের মত সুগন্ধি। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ সত্য বলেছে।

আবূ ঈসা বলেনঃ আমরা এ হাদীসটি শুধুমাত্র এই সনদে মুজালিদের রিওয়ায়াত হিসেবে জেনেছি।

English

Jabir [bin Abdullah] said:

"Some people from the Jews said to some people among the Companions of the Prophet: 'Does your Prophet know how many keepers are there in Jahannam?' They said: 'We do not know until we ask our Prophet and said: 'O Muhammad! Your Companions were defeated today.' He said: 'In what were they defeated?' He said: 'Some Jews asked them if their Prophet knew how many keepers are there in Jahannam.' He said: 'So what did they say?' He said: 'They said: "We do not know until we ask our Prophet." He said: 'Are a people defeated who are asked about something that they do not know, merely because they said, "We do not know until we ask our Prophet?" Rather, there (people) did ask their Prophet, they said: "Show us Allah plainly." I should ask the enemies of Allah about the Darmak.' So when they came to him they said: 'O Abul-Qasim! How many keepers are there in Jahannum?' He said: 'This and that many.' One time ten, and one time nine. They said: 'Yes.' He said to them: 'What is the dirt of Paradise?'" He said: "They were silent for a while, then they said: 'Is it bread O Abul-Qasim?' So the Prophet said: 'The bread is made of Ad-Darmak.'"



হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন